



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৪৭০/উ.মা.পরী./৯১(অংশ-১)/১৪২০(৫)


তারিখ : ০৭/১২/২০২২

বিষয় : হারানো লিখিত উত্তরপত্র খুঁজে পাওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২২ সনের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ইংরেজি (আবশ্যিক) ১ম পত্র বিষয় কোড -১০৭ পরীক্ষার ৫০টি লিখিত উত্তরপত্র মিরপুর ১০ (ঢাকা) গোলচতুরে পাওয়া যায়। মিরপুর ১০ ঢাকা এর অধিবাসী জনাব মুরাদ হোসেন লিখিত উত্তরপত্রগুলো পেয়ে কাফরুল থানায় জমা দেন। উক্ত উত্তরপত্রগুলোর দায়িত্ব প্রাপ্ত পরীক্ষক জনাব মোঃ ইব্রাহীম হুসাইন, পরীক্ষক কোড-২২৯৯, মিরপুর ও কাফরুল থানায় (মিরপুর-১৪, ঢাকা), তাৎক্ষণিক যোগাযোগ করেন এবং বোর্ডকে অবহিত করে লিখিত ক্ষমা প্রার্থনা করেন। ঢাকা শিক্ষা বোর্ডের সেকশন অফিসার জনাব মোঃ সামসুজ্জামান মুখা লিখিত উত্তরপত্রগুলো কাফরুল থানা থেকে সংগ্রহ করে ঢাকা শিক্ষা বোর্ডে নিয়ে আসেন।

উপর্যুক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে উল্লেখিত খাতাগুলোর পরীক্ষক জনাব মোঃ ইব্রাহীম হুসাইন, প্রভাষক (ইংরেজি), শেখ ফজিলাতুন্নেছা মুজিব সরকারি মহিলা কলেজ, মিরপুর-২, ঢাকা-১২১৬, পরীক্ষক কোড-২২৯৯ কে ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা সংক্রান্ত যাবতীয় দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

 ০৭.১২.২২

প্রফেসর মোঃ আবুল বাশার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ঢাকা

ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

প্রাপক:

জনাব মোঃ ইব্রাহীম হুসাইন, প্রভাষক,(ইংরেজি),  
শেখ ফজিলাতুন্নেছা মুজিব সরকারি মহিলা কলেজ,  
মিরপুর-২, ঢাকা-১২১৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- (৩) জেলা প্রশাসক, ঢাকা
- (৪) একান্ত সচিব, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (৫) অফিস কপি